



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা



বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সেপ্টেম্বর/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মঙ্গল উদ্দিন আহমেদ মহাপরিচালক (চলতি দায়িত্ব)
সভার তারিখ	২৬ সেপ্টেম্বর ২০২১
সভার সময়	বেলা ০২:৩০ ঘটিকা
স্থান	সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি পরিচালক (অপারেশন ও সমন্বয়) কে কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরুর অনুরোধ করেন।

সভার আলোচ্য সূচি:

(১) বিগত ২২-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।

(২) বিগত ২২-০৮-২০২১ তারিখের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও নতুন বিষয়াদির পর্যালোচনা।

মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের দ্বিতীয় আছে কি না জানতে চাইলে উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), বিভাগ-২ জনাব আবদুল বাকী খান মজলিশ বলেন, কার্যবিবরণীর ভূবিজ্ঞান সংক্রান্ত আলোচনার ১ নম্বর পয়েন্টে ড্রিলিং পয়েন্ট নির্বাচন করার ক্ষেত্রে ‘অৱ্যবস্থিত ভূ-গদার্থিক পদ্ধতি (Exploration geophysical methodology)’ এর স্থলে তিনি ‘অৱ্যবস্থিত ভূতাত্ত্বিক পদ্ধতি (Exploration geological methodology)’ উল্লেখ করেছিলেন এবং মহাপরিচালক উল্লিখিত সংশোধনীসহ পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বিগত মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা
ভূবিজ্ঞান সংক্রান্ত			
১।	২০২১-২২ অর্থবছরের বার্ষিক বহিরঙ্গন কর্মসূচি সংক্রান্ত আলোচনাকালে পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার প্রধান জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) জনান, শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা হতে ইতোমধ্যেই একটি দল	ক) পরিকল্পনা মোতাবেক ২০২১-২২ অর্থবছরের বার্ষিক বহিরঙ্গন কর্মসূচি সম্পাদন করতে হবে।	ক) পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা সহ সকল শাখা

বহিরঙ্গনে যাবার প্রস্তুতি সম্পন্ন
করেছে। শাখা হতে এ সংক্রান্ত
বহিরঙ্গন পূর্ববর্তী উপস্থাপনা
সম্পন্ন হয়েছে এবং অতি দুট
তারা বহিরঙ্গনে যাবে। এছাড়াও,
ভূ-পদার্থিক তথ্য বিশ্লেষণ ও
যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা
এবং বৈশ্লেষিক রসায়ন শাখা
হতে বহিরঙ্গনে যাবার আবেদন
করা হয়েছে। পূর্ব পরিকল্পনা
আনুযায়ী আগস্ট মাস থেকেই
ডিলিঃখনন এর বহিরঙ্গন
কর্মসূচি শুরু হবার কথা ছিল
কিন্তু বর্তমান পরিস্থিতিতে
ডিলিঃখনন কর্মসূচি পিছিয়ে
মার্চ মাসে করলে ভাল হবে।
বহিরঙ্গন কর্মসূচির পরিকল্পনায়
কিছু পরিবর্তন আসায় তিনি
অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ
শাখার বহিরঙ্গন কর্মসূচি
কিছুটা আগাম অর্থাৎ অক্টোবর
মাসে করা যাবে কি না জিজ্ঞাসা
করেন। এ প্রশ্নের জবাবে সভায়
উপস্থিত সংশ্লিষ্ট শাখার মোঃ
শাহজাহান, উপ-পরিচালক (ভূ-
পদার্থ) বলেন, অভিকর্ষীয় ও
চুম্বকীয় জরিপের জন্য যেহেতু
ফাঁকা মাঠ প্রয়োজন হয় তাই
নভেম্বর-ডিসেম্বর মাস এ
জরিপের জন্য উৎকৃষ্ট হবে।
অতঃপর প্রতিটি শাখা হতে
প্রদত্ত বার্ষিক বহিরঙ্গন
কর্মসূচির প্রস্তাবনা নির্বাচন
সংক্রান্ত আলোচনায় জনাব
আবদুল বাকী থান মজলিশ,
উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব),
বিভাগ-২ বলেন, বহিরঙ্গন
নির্বাচন সংশ্লিষ্ট কমিটি থেকে
ইতোপূর্বেই প্রস্তাবনা নির্বাচনের
পর মন্তব্য সহকারে চূড়ান্ত
কর্মসূচির তালিকা সকল শাখা
প্রধানদেরকে প্রেরন করা হয়েছে।
সেক্ষেত্রে নতুন করে মন্তব্য
সংযোজনের প্রয়োজন নাই।

২।	<p>২০২১-২২ অর্থবছরের এপিএ সংক্রান্ত নির্দেশনা মোতাবেক অধিদপ্তরের প্রতিটি সমষ্ট সভায় এপিএর অগ্রগতির পর্যালোচনা আবশ্যিক। এ প্রেক্ষিতে পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার প্রধান ও এপিএ টিমের সভাপতি জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) জনান, পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক এপিএ টিমের পক্ষ হতে ইতোমধ্যেই অধিদপ্তরের সকল শাখা প্রধান এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের সাথে এপিএ লক্ষ্যমাত্রা ও লক্ষ্যমাত্রা অর্জনে করনীয় সংক্রান্ত বিষয়ে মতবিনিময় সম্পন্ন হয়েছে। ২০২১-২২ অর্থবছর হতে এপিএ সমন্বিত আকারে সম্পাদিত হচ্ছে বিধায় এপিএ টিমের পাশাপাশি অন্যান্য সকল টিমের ফোকাল পয়েন্টগন এপিএর লক্ষ্যমাত্রা অর্জনে কাজ করছে।</p>	<p>ক) এপিএর লক্ষ্যমাত্রা অর্জনে এপিএ টিমসহ সংশ্লিষ্ট সকল কমিটি সমন্বিতভাবে কাজ করতে হবে।</p>	এপিএ টিম
৩।	<p>ডিজিটাল ডাটা সংরক্ষণ সংক্রান্ত বিষয়ে জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) কর্তৃক ডিজিটাল ডাটা সংরক্ষণ বিষয়ে যে উপস্থাপনা দেবার সিদ্ধান্ত ছিল তিনি সে মোতাবেক ডিজিটাল ডাটা সংরক্ষণ সংক্রান্ত উপস্থাপনা তৈরি এবং প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করেছেন। তিনি বলেন, জিওসাইন্স এ্যাওয়ারনেস এন্ড ট্রেনিং সেল (জিএটিসি) এর পক্ষ থেকে উপস্থাপনার সময় এবং কোন পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন নির্ধারণপূর্বক সকলকে অবহিত করা হলে তিনি সকলের সামনে উপস্থাপন করবেন।</p>	<p>ক) জিএটিসি থেকে ডিজিটাল ডাটা সংরক্ষণ বিষয়ে জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) এর উপস্থাপনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	জিএটিসি ও জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব)

৪।	<p>ডিপিপি সংক্রান্ত আলোচনায় জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, জিএসবি থেকে বর্তমানে ২টি ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা জিএসবির ডিপিপি প্রগয়ন কমিটির মাধ্যমেই মন্ত্রণালয়ে প্রেরিত হয়েছে। পরবর্তীতে মন্ত্রণালয় হতে জিএসবির খনন সক্ষমতা বৃক্ষির লক্ষ্যে প্রস্তুত ডিপিপিটি সংশোধন করার পরামর্শ প্রদান করা হয়। এ প্রসঙ্গে জনাব মোঃ মহিরুল ইসলাম, পরিচালক (খনন প্রকৌশল) বলেন, ইতোপূর্বে নির্দেশনা মোতাবেক ডিপিপি সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগ হতে জানান হয়, তাদের সাথে যোগাযোগ করে নির্দেশনা মোতাবেক মন্ত্রণালয়ে গিয়েই পরবর্তী কিছু সংশোধন করতে হবে। এছাড়া ভূমিখস সংক্রান্ত অপর ডিপিপিটি বর্তমানে বৈদেশিক সাহায্যের জন্য অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগে রয়েছে।</p>	<p>ক) মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ডিপিপি সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>ডিপিপি সংশ্লিষ্ট কমিটি/ কর্মকর্তাগণ</p>
----	--	---	--

প্রশাসনিক আলোচনা

১।	<p>জিএসবির ঢাকার মিরপুরের জমির রেজিস্ট্রেশনের অগ্রগতি সম্পর্কে জনাব মোঃ কামরুল আহসান, পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ করা হচ্ছে। জমি বরাদ্দের প্রেক্ষিতে জিএসবি কর্তৃক প্রদত্ত অর্থের কোন প্রমাণপত্র জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট না থাকায় তারা হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ে পত্র প্রেরণের মাধ্যমে অর্থ প্রদানের প্রমাণপত্র সংগ্রহ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এছাড়াও, চট্টগ্রামের জমি রেজিস্ট্রেশনের বিষয়েও সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ করা হয়েছে। এ প্রেক্ষিতে মহাপরিচালক বলেন, প্রয়োজনে তিনি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যানের সাথে দেখা করবেন। এ প্রসঙ্গে উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), বিভাগ-২, জনাব আবদুল বাকী খান মজলিশ আগামি ১ মাসের মধ্যে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যানের সাথে সাক্ষাতের সময় নির্ধারণ করার বিষয়ে পরামর্শ প্রদান করেন।</p>	<p>ক) জিএসবির ঢাকার মিরপুর, চট্টগ্রাম ও জিওলজিক্যাল হেরিটেজ হিসাবে ঘোষিত সিলেট জেলার গোয়াইন ঘাটের জমির রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>অপারেশন ও সমন্বয় শাখা এবং জিওলজিক্যাল হেরিটেজ সংশ্লিষ্ট কমিটি</p>
----	--	--	---

২।	<p>জিএসবির কর্মকর্তা/ কর্মচারী নিয়োগ সংক্রান্ত আলোচনায় জনাব মোঃ কামরুল আহসান, পরিচালক (অপারেশন ও সমষ্টি) বলেন, ৩ টি পদে সর্বমোট ৩২ জন কর্মচারী নিয়োগের জন্য বিজ্ঞপ্তি দেয়া হয়েছে এবং গত ২৪ এপ্রিল ২০২১ তারিখে নিয়োগ পরীক্ষার সময় নির্ধারণ করা হয়েছিল। কিন্তু পরবর্তীতে কোডিড-১৯ পরিস্থিতির জন্য পরীক্ষা স্থগিত করা হয়। বর্তমানে পুনরায় পরীক্ষার জন্য স্কুলগুলোর সাথে যোগাযোগ করা হয়েছে এবং ডিসেম্বর মাসের আগে পরীক্ষার সময় নির্ধারণ করা সম্ভব না বলে স্কুল কর্তৃপক্ষ কর্তৃক জানানো হয়েছে। কর্মচারীর পাশাপাশি কর্মকর্তা নিয়োগের জন্য বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয় থেকে বিজ্ঞপ্তি হয়েছে এবং বিসিএস থেকে সরাসরি নিয়োগের প্রক্রিয়াও চলমান রয়েছে। কিছু পদে নিয়োগের ক্ষেত্রে জিএসবির নিয়োগ বিধিতে জতিলতা থাকার দরুন প্রার্থী পাওয়া যাচ্ছে না বলে তিনি সকলকে অবহিত করেন।</p>	<p>ক) অতি দুর্ত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।</p>	<p>অপারেশন ও সমষ্টি শাখা</p>
----	--	---	------------------------------

বিবিধ আলোচনা

১।	<p>বিবিধ আলোচনায় মহাপরিচালক ভূ- বৈজ্ঞানিক শাখার শাখা প্রধানগণের কাছে তাদের নিজ নিজ শাখার প্রতিবেদনের বিষয়ে জানতে চান। কোন কোন শাখার প্রতিবেদন অনিষ্পন্ন আছে সে বিষয়েও তিনি শাখা প্রধানগণকে জিজ্ঞাসা করেন। বেশ কিছু শাখার প্রতিবেদন অনিষ্পন্ন রয়েছে বলে শাখা প্রধানগণ মহাপরিচালকে অবহিত করেন। তারা উল্লেখ করেন, প্রতিবেদনের কাজ চলছে এবং অতি দুর্ত কাজ শেষ করে প্রতিবেদন জমা দেয়া হবে। মহাপরিচালক বলেন, প্রতিবেদনের কাজ শেষ না হলে</p>	<p>ক) সকল শাখার অনিষ্পন্ন প্রতিবেদনের কাজ অতি দুর্ত শেষ করে প্রতিবেদন জমা দিতে হবে। খ) প্রকাশনা ও প্রশিক্ষন শাখার শাখা প্রধান পরবর্তী সভায় অনিষ্পন্ন প্রতিবেদনের তালিকা উপস্থাপন করবেন।</p>	<p>ক) সকল শাখা খ) প্রকাশনা ও প্রশিক্ষন শাখা</p>
----	--	--	---

সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরবর্তী
 বহিরঙ্গন কর্মসূচিতে
 অংশগ্রহনের অনুমোদন দেয়া
 হবে না। অতঃপর চলমান
 প্রকল্পের ভূ-বৈজ্ঞানিক কার্যক্রম
 সংক্রান্ত আলোচনা করা হয়।
 প্রকল্প পরিচালক ও নগর ও
 প্রকৌশল ভূতত্ত্ব শাখার শাখা
 প্রধান জনাব মোহাম্মদ
 আশরাফুল কামাল, পরিচালক
 (ভূতত্ত্ব) বলেন, প্রকল্পের ভূ-
 বৈজ্ঞানিক প্রতিবেদন প্রস্তুতির
 কাজ চলছে। তিনি আরো উল্লেখ
 করেন, শাখার সকল কর্মকর্তা
 প্রকল্পের কাজে সংশ্লিষ্ট থাকায়
 ২০২১-২২ অর্থবছরের জন্য
 নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা
 হতে কোন বার্ষিক বহিরঙ্গন
 কর্মসূচি গৃহীত হয়নি। এ প্রসঙ্গে
 জনাব নিজাম উদ্দিন আহমেদ,
 পরিচালক (ভূ-পদার্থ) বলেন,
 নগর ও প্রকৌশল ভূতত্ত্ব
 অফিসের একটি গুরুত্বপূর্ণ শাখা
 এবং এ শাখার নিয়মিত
 বহিরঙ্গন কর্মসূচি থাকা অত্যান্ত
 জরুরি। কিন্তু দীর্ঘদিন অবধি এ
 শাখার বহিরঙ্গন কর্মসূচি বন্ধ
 রয়েছে। শাখার সকল
 কর্মকর্তাকে প্রকল্পের কাজে
 সংশ্লিষ্ট না করে প্রকল্পের জন্য
 পৃথক কর্মকর্তা নিয়োজিত
 করলে শাখার নিয়মিত কার্যক্রম
 চলমান রাখা সম্ভব হবে।
 অন্যান্য শাখা প্রধানগণ এ
 বিষয়ে একমত প্রকাশ করেন।
 বিভিন্ন শাখার অনিষ্পত্ত
 প্রতিবেদনের প্রসঙ্গে প্রকাশনা ও
 প্রশিক্ষন শাখার শাখা প্রধান
 জনাব আরিফ মাহমুদ,
 পরিচালক (ভূতত্ত্ব) বলেন,
 পরবর্তী সভায় তিনি অনিষ্পত্ত
 প্রতিবেদনের তালিকা উপস্থাপন
 করবেন এবং সেক্ষেত্রে তালিকা
 অনুযায়ী প্রতিবেদন জমার
 অগ্রগতি বিষয়ে আলোচনা করা
 যাবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।



মঙ্গলবাবু
মহাপরিচালক (চলতি দায়িত্ব)


স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০০০.০৬.০০৮.১৮.৮৮

তারিখ: ২১ আগস্ট ১৪২৮

০৬ অক্টোবর ২০২১

বিতরণ (জেয়ষ্ঠতার ক্রমানুসারে নথি) :

- ১) সিনিয়র সচিব, জালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুত, জালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), উপ-মহাপরিচালক এর দপ্তর (বিভাগ-১), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
- ৩) উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), উপ-মহাপরিচালক এর দপ্তর (বিভাগ-২), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
- ৪) জিএসবি'র শাখা প্রধানগণ।
- ৫) উপ-পরিচালক (ভূতত্ত্ব), অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেমবেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
- ৬) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা ও ফোকাল পয়েন্ট, আইসিটি ও ওয়েব টিম, জিএসবির ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
- ৭) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।



মোঃ কামরুল আহসান
পরিচালক (ভূতত্ত্ব)